**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 9/8/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# পোর্ট অথরিটির JFK-এর রূপান্তর ঘটানোর প্রচেষ্টাকে এগিয়ে নেওয়ার ক্ষেত্রে একটি বৃহৎ পদক্ষেপ হিসেবে 9.5 বিলিয়ন ডলারের নতুন টার্মিনাল ওয়ানের নির্মাণকাজ শুরু হয়েছে বলে গভর্নর হোকলের ঘোষণা

***2.4 মিলিয়ন বর্গফুট আয়তনের এই আন্তর্জাতিক টার্মিনাল বর্তমান T1, T2, এবং সাবেক T3 এর সাইটে পর্যায়ক্রমে নির্মিত হবে***

***অ্যারাইভাল ও ডিপারচার হল এবং প্রথম নতুন গেটগুলো 2026 সালে চালু হবে***

***নতুন টার্মিনাল ওয়ান হবে JFK আন্তর্জাতিক বিমানবন্দরের সবচেয়ে বড় টার্মিনাল এবং এটি বর্তমানে ভালোভাবে এগিয়ে চলা 18 বিলিয়ন ডলারের রূপান্তরমূলক প্রকল্পের অবিচ্ছেদ্য অংশের প্রতিনিধিত্ব করে***

***বেসরকারি অংশীদাররা টার্মিনালের সম্পূর্ণ ব্যয় পরিশোধের জন্য আর্থিক সহায়তা প্রদান করবে; পোর্ট অথরিটি সহায়ক সড়ক ও ইউটিলিটি অবকাঠামো নির্মাণ করবে***

***সর্বাধুনিক প্রযুক্তি, সেরা টেকসই অনুশীলন, পাবলিক আর্ট, আইকনিক স্থানীয় কনসেশন এবং নতুন করে গড়ে তোলা সড়কপথ যাত্রীদেরকে একটি বিশ্বমানের অভিজ্ঞতা প্রদান করবে***

***প্রকল্পটি সর্বমোট 10,000 এরও বেশি কর্মসংস্থান তৈরি করবে, যার মধ্যে 6,000 হচ্ছে ইউনিয়নের নির্মাণ কাজ***

***কন্ট্রাক্ট ও আর্থিক সহায়তার ক্ষেত্রে 30 শতাংশ MWBE-কে কাজে লাগানোর লক্ষ্য; কমিউনিটি অ্যাডভাইজরি কাউন্সিলের নির্দেশনায় স্থানীয় ব্যবসা প্রতিষ্ঠান এবং চাকরি প্রত্যাশীদের জন্য ব্যাপক সুযোগ অন্তর্ভুক্ত রয়েছে***

***নতুন টার্মিনাল ওয়ানের রেন্ডারিং এখানে পাওয়া যাবে***

9.5 বিলিয়ন ডলারের বেসরকারি অর্থায়নে নতুন টার্মিনাল এক-এর কাজ শুরুর মধ্য দিয়ে পোর্ট অথোরিটি কর্তৃক জন এফ. কেনেডি আন্তর্জাতিক বিমানবন্দর রূপান্তর করার প্রকল্পের একটি

গুরুত্বপূর্ণ মাইলফলক গভর্নর ক্যাথি হোকল আজ উদযাপন করেছেন। গত বছরের শেষে পোর্ট অথরিটি (Port Authority) এবং নতুন টার্মিনাল ওয়ান - আর্থিক পৃষ্ঠপোষকদের একটি কনসোর্টিয়াম - এর মধ্যে 2.4 মিলিয়ন বর্গফুট আয়তনের, সর্বাধুনিক নতুন আন্তর্জাতিক টার্মিনাল, যেটি জন এফ. কেনেডি আন্তর্জাতিক বিমানবন্দরের দক্ষিণ পাশের নোঙ্গর হিসেবে কাজ করবে এবং নির্মাণ কাজের 6,000 কর্মসংস্থান সহ মোট 10,000 কর্মসংস্থান তৈরি করবে, নির্মাণের জন্য একটি পরিমার্জিত চুক্তি সম্পন্ন হওয়ার পরে এই নির্মাণকাজ শুরু হচ্ছে।

"নিউ ইয়র্ক স্টেটের বিমানবন্দরগুলোতে আমাদের সর্বাধুনিক সংস্কারকাজ অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং দীর্ঘদিন ধরে প্রয়োজনীয় বলে অনুভূত হয়ে আসছে - বিশেষ করে সারা বিশ্বের জন্য এই দেশে প্রবেশের সদর দরজা, JFK-তে," **বলেছেন গভর্নর হোকল।** "আজ আমরা যে বিনিয়োগ করছি এটি আগামী দিনগুলোতে সব নিউ ইয়র্কবাসীর এবং প্রতি বছর এখানে ভ্রমণ করতে আসা কয়েক মিলিয়ন মানুষের জন্য একটি শীর্ষ-মানের ভ্রমণের অভিজ্ঞতা নিশ্চিত করবে এবং সেইসাথে 10,000 এরও বেশি কর্মসংস্থান তৈরি করবে। এই রূপান্তরমূলক প্রকল্প সম্ভব করে তুলতে যারা কয়েক বছর ধরে কঠোর পরিশ্রম করেছেন তাদের সবাইকে জানাই অভিনন্দন ও ধন্যবাদ।"

আন্তর্জাতিক বিমান ভ্রমণের ক্রমবর্ধমান চাহিদা সামাল দেওয়ার জন্য তৈরি করা এই নতুন টার্মিনাল ওয়ান আয়তনে টার্মিনাল 1 ও টার্মিনাল 2-এর দ্বিগুণের চেয়েও বড় হবে। উজ্জ্বল ও বায়ু চলাচলপূর্ণ চেক-ইন হল ও অ্যারাইভাল স্পেস, উন্নত নিরাপত্তা প্রযুক্তি এবং একটি সর্বাধুনিক ব্যাগেজ হ্যান্ডেলিং সিস্টেম যাত্রীদের অভিজ্ঞতাকে সমৃদ্ধ করবে। নতুন টার্মিনাল ওয়ান বড় মাপের উড়োজাহাজকে জায়গা করে দেওয়া গেটের বর্তমান সংখ্যা দ্বিগুণে উন্নীত করবে, যেখানে 23টি নতুন গেটের মধ্যে 22টি গেট আন্তর্জাতিক ভ্রমণের জন্য গুরুত্বপূর্ণ বৃহত্তর উড়োজাহাজকে জায়গা দেওয়ার জন্য নকশা করা হয়েছে।

300,000 বর্গফুটেরও বেশি জায়গা নিয়ে অবস্থিত বিশ্বমানের, স্থানীয়ভাবে অনুপ্রাণিত ডাইনিং ও রিটেইল কনসেশনের পাশাপাশি লাউঞ্জ, ভবনের ভেতরে সবুজ জায়গা, অনুপ্রেরণাদায়ক পাবলিক আর্ট, পরিবারবান্ধব সুযোগ-সুবিধা এবং নতুন করে নির্মাণ করা সড়কপথ নিয়ে, নতুন টার্মিনাল ওয়ান গ্রাহকদেরকে একটি বৈশ্বিক গেটওয়েতে প্রত্যাশা করা বিশ্বমানের অভিজ্ঞতা প্রদান করবে, এবং এটি বিশ্বের সর্বোচ্চ রেটিংপ্রাপ্ত কিছু এয়ারপোর্ট টার্মিনালের সঙ্গে প্রতিযোগিতা করবে।

2050 সালের মধ্যে গ্রিনহাউজ গ্যাস নির্গমন নেট-জিরোতে কমিয়ে আনার জন্য পোর্ট অথরিটির অঙ্গীকারাবদ্ধতার সাথে সঙ্গতি রক্ষা করতে, এই টার্মিনাল টেকসই উপায়ে এবং ভবিষ্যতমুখী ভাবনা বিবেচনায় নিয়ে নকশা করা হবে, যার মধ্যে অন-সাইট নবায়নযোগ্য শক্তি উৎপাদন, বৈদ্যুতিক গ্রাউন্ড সাপোর্ট সরঞ্জাম এবং লাইটিং ও ভবন নিয়ন্ত্রণ অপ্টিমাইজ করা অন্তর্ভুক্ত রয়েছে।

প্রাথমিকভাবে 2020 সালে নির্মাণকাজ শুরু হওয়ার প্রত্যাশা থাকলেও, বিমান ভ্রমণের উপর কোভিড-19 মহামারীর গুরুতর প্রভাব পোর্ট অথরিটি এবং নতুন টার্মিনাল ওয়ান (NTO) কনসোর্টিয়ামকে এই নতুন টার্মিনাল নির্মাণ ও পরিচালনা করার পূর্বের চুক্তি পরিমার্জন করতে

বাধ্য করেছে। পোর্ট অথরিটির বোর্ড অব কমিশনার্স একটি পরিমার্জিত চুক্তি অনুমোদন করে এবং 2021 সালের ডিসেম্বর মাসে গভর্নর হোকল সেটি ঘোষণা করেন, যা প্রকল্পটি সামনে এগিয়ে যাওয়ার সুযোগ করে দেয়।

জুন মাসে পোর্ট অথরিটির বোর্ড এই প্রকল্পে একটি নতুন প্রধান বিনিয়োগকারীকে অনুমোদন করার জন্য ভোট দিয়েছে। বিশ্বমানের টার্মিনাল নির্মাণের অভিজ্ঞতাসম্পন্ন একটি বৈশ্বিক এয়ারপোর্ট অপারেটর, ফেরোভিয়াল (Ferrovial) নতুন টার্মিনাল ওয়ান-এ দ্য কার্লাইল গ্লোবাল ইনফ্রাস্ট্রাকচার ফান্ড (The Carlyle Global Infrastructure Fund)-এর 51 শতাংশ শেয়ারের 96 শতাংশ অধিগ্রহণ করেছে। এই কনসোর্টিয়াম, যার মধ্যে আর্থিক অংশীদার ULLICO এবং JLC ইনফ্রাস্ট্রাকচার (JLC Infrastructure)-ও অন্তর্ভুক্ত রয়েছে, এই সর্বাধুনিক টার্মিনালের নকশা প্রণয়ন, নির্মাণ ও পরিচালনার দায়িত্ব পালন করবে।

টার্মিনালের সম্পূর্ণ ব্যয় NTO কনসোর্টিয়ামের দ্বারা বেসরকারি অর্থায়নে পরিশোধ করা হবে। পোর্ট অথরিটি অবকাঠামো উন্নয়ন ও উন্নত করার দায়িত্ব গ্রহণ করবে, যার মধ্যে সড়ক, পার্কিং ও ইউটিলিটি, যেমন এই প্রকল্পের অংশ হিসেবে একটি নতুন ইলেক্ট্রিক্যাল সাবস্টেশন অন্তর্ভুক্ত রয়েছে। এই প্রকল্প কয়েকটি ধাপে নির্মিত হবে, যার মধ্যে অ্যারাইভাল ও ডিপারচার হল এবং 14টি নতুন গেট 2026 সালে চালু হবে এবং টার্মিনালের শেষ নয়টি গেট 2030 সালে সম্পন্ন হবে।

এই নতুন টার্মিনাল ওয়ান বর্তমানের প্রয়োজনের চেয়ে ছোট আকারের এবং পুরোনো হয়ে যাওয়া টার্মিনাল 1, পুরোনো ও অচল হয়ে যাওয়া 60-বছরের পুরোনো টার্মিনাল 2 এবং 2014 সালে ভেঙ্গে ফেলা সাবেক টার্মিনাল 3-এর সাইটে নির্মিত হবে। নির্মাণকাজ চলাকালীন সময়ে ফ্লাইটের কার্যক্রম পুরোপুরি সচল রাখতে, পুরোনো কাঠামোগুলো ভেঙ্গে ফেলার কার্যক্রমকে নতুন ফ্যাসিলিটিগুলো খুলে দেওয়ার সাথে সমন্বয় করা হবে। খালি পড়ে থাকা টার্মিনাল 3-এর সাইট থেকে কাজ শুরু হবে। 2023 সালে নতুন করে সম্প্রসারণ ও আধুনিকায়ন করা টার্মিনাল 4-এ ডেল্টা এয়ার লাইন্স (Delta Air Lines) নিজেদের কার্যক্রম গুছিয়ে নেওয়ার পরে টার্মিনাল 2 ভেঙ্গে ফেলা হবে। 2026 সালে নতুন টার্মিনাল ওয়ান-এর প্রথম ধাপের নির্মাণকাজ সম্পন্ন হয়ে যাওয়ার পরে বর্তমান টার্মিনাল 1 ভেঙ্গে ফেলা হবে, যা প্রকল্পের দ্বিতীয় ধাপের কাজ সামনে এগিয়ে নেওয়ার সুযোগ করে দেবে।

**পোর্ট অথরিটির চেয়ারম্যান কেভিন ও'টুলি বলেন,** "একটি নতুন টার্মিনাল ওয়ানের জন্য আজকের নির্মাণ কাজ শুরু হওয়ার বিষয়টি আমাদের অঞ্চলকে সারা বিশ্বে এই দেশের প্রবেশদ্বার হিসেবে বজায় থাকা নিশ্চিত করার পথে একটি উল্লেখযোগ্য পদক্ষেপের প্রতিনিধিত্ব করে। এই নতুন টার্মিনাল সম্পন্ন হলে, আমাদের বিমানবন্দরকে বহুমুখী স্থানে পুনর্বিন্যস্ত করার জন্য আরেকটি গুরুত্বপূর্ণ পদক্ষেপের প্রতিনিধিত্ব করবে যা যাত্রীদের পার্শ্ববর্তী কমিউনিটির জন্য অর্থনৈতিক চালিকাশক্তি হিসেবে কাজ করার পাশাপাশি একটি টেকসই উপায়ে বিশ্বমানের অভিজ্ঞতা দেবে।"

**পোর্ট অথরিটির এক্সিকিউটিভ ডিরেক্টর রিক কটন বলেন,** "নতুন টার্মিনাল ওয়ান প্রকল্পটি পোর্ট অথরিটির বিমানবন্দরের ইতিহাসে বৃহত্তম ও সাহসী পাবলিক-প্রাইভেট অংশীদারিত্বের প্রতিনিধিত্ব করে, যার মধ্যে 9.5 বিলিয়ন ডলারের বেসরকারি বিনিয়োগের প্রতিশ্রুতি রয়েছে, যা

নিউ ইয়র্কের প্রতি বিশ্বাস, এই অঞ্চলের প্রতি বিশ্বাস এবং JFK আন্তর্জাতিক বিমানবন্দরের ভবিষ্যতের প্রতি বিশ্বাসের মাধ্যমে বেসরকারি বিনিয়োগকারী কর্তৃক প্রদান করা হয়েছে। আমাদের সুস্পষ্ট লক্ষ্য হলো বিশ্বের শীর্ষ 10টি এয়ারলাইন টার্মিনালের মধ্যে একটি তৈরি করা, এবং একটি বিশ্বমানের নতুন টার্মিনাল ওয়ানের জন্য আজকের নির্মাণ কাজ শুরুর মাধ্যমে, JFK একটি বিশ্বব্যাপী গেটওয়ে হয়ে উঠছে যা এই অঞ্চলের প্রাপ্য।"

**পোর্ট অথরিটির ভাইস চেয়ারম্যান জেফরি লিনফোর্ড বলেন,** "JFK আন্তর্জাতিক বিমানবন্দর কেবল আন্তর্জাতিক ভ্রমণের জন্য দেশের ব্যস্ততম বিমানবন্দরই নয়, যা বিশ্বের বাকি অংশের সাথে গুরুত্বপূর্ণ সংযোগ তৈরি করে, বরং এটি আমাদের সমগ্র অঞ্চলের জন্য একটি গুরুত্বপূর্ণ অর্থনৈতিক চালিকাশক্তি। একটি নতুন টার্মিনাল ওয়ানের জন্য আজকের নির্মাণ কাজ শুরু, JFK এর বিশ্বমানের গ্লোবাল গেটওয়েতে রূপান্তরের একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ যা আমাদের অঞ্চলের অব্যাহত অর্থনৈতিক প্রবৃদ্ধি বজায় রাখবে এবং হাজার হাজার ভালো বেতনের চাকরি তৈরি করবে। এই অঞ্চলের বিমানবন্দরগুলোকে বিশ্বমানের গেটওয়েতে রূপান্তরিত করার জন্য পোর্ট অথরিটির কর্মসূচি মহামারী থেকে পুনরুদ্ধার এবং ভবিষ্যতের ভিত্তি গড়ে তুলতে আমাদের প্রচেষ্টায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।"

**নতুন টার্মিনাল ওয়ানের চিফ এক্সিকিউটিভ অফিসার ড. জেরার্ড পি. বুশেল বলেন,** "সম্পন্ন হয়ে গেলে, এই প্রকল্প একটি বিশ্বমানের টার্মিনাল নিয়ে আসবে যা ভবিষ্যতের দিকে মনোনিবেশ করে টেকসইভাবে ডিজাইন করা হয়েছে এবং বিশ্বের সর্বশ্রেষ্ঠ শহরের জন্য একটি নতুন গেটওয়ে প্রদান করবে। কমিউনিটি ও শ্রমিকদের সাথে আমাদের বিস্তৃত অংশীদারিত্বের মাধ্যমে, আমরা ঐতিহাসিকভাবে উচ্চ MWBE অংশগ্রহণের লক্ষ্য নিয়ে এগিয়ে যাবো এবং এই কমিউনিটির আগামী প্রজন্মগুলোর জন্য চাকরি ও প্রকৃত অর্থনৈতিক সুযোগ প্রদান করবো।"

**বিল্ডিং এন্ড কনস্ট্রাকশন ট্রেডস কাউন্সিল অব গ্রেটার নিউ ইয়র্ক (Building and Construction Trades Council of Greater New York)-এর প্রেসিডেন্ট গ্যারি লা-বারবারা বলেন,** "JFK আন্তর্জাতিক বিমানবন্দরের একটি নতুন টার্মিনাল ওয়ানের আজকের নির্মাণ কাজ শুরু আরেকটি গুরুত্বপূর্ণ, বড় আকারের অবকাঠামো আপগ্রেডের সূচনার প্রতিনিধিত্ব করে যা নিউ ইয়র্কের অব্যাহত অর্থনৈতিক পুনরুদ্ধারে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে এবং সুবিধার সাথে সাথে হাজার হাজার ভালো বেতনের মধ্যম পর্যায়ের ক্যারিয়ার তৈরি করবে। আমাদের এখন আগের চেয়ে আরো বেশি উন্নয়ন প্রকল্প প্রয়োজন যা আমাদের শহরের শ্রমজীবী মানুষের জন্য টেকসই ক্যারিয়ারের সুযোগ তৈরি করে এবং আমরা গভর্নর হোকলকে তার অব্যাহত নেতৃত্ব এবং কর্মসংস্থান সৃষ্টিকারী এসব প্রকল্প যাতে নিউ ইয়র্কের একটি নতুন যুগের প্রবেশদ্বার হয়ে ওঠে তা নিশ্চিত করতে তার দৃঢ় উদ্যমের জন্য ধন্যবাদ জানাই। নিউ ইয়র্কবাসী এবং আমাদের ভিজিটরদের সত্যিই প্রাপ্য এমনভাবে JFK আন্তর্জাতিক বিমানবন্দরকে অনুকরণীয়, বিশ্বমানের পরিবহন হাবে রূপান্তর করার জন্য আমাদের সদস্যরা প্রস্তুত রয়েছে এবং তাদের কাজ সম্পূর্ণভাবে শুরু করার জন্য অধীর আগ্রহে অপেক্ষা করছে।"

**বিশ্বমানের গ্লোবাল গেটওয়েতে JFK এর রূপান্তর**

নতুন টার্মিনাল ওয়ান বিমানবন্দরটির রূপান্তরের অন্য তিনটি প্রধান উপাদানের নির্মাণকাজ এগিয়ে যাওয়ার গতির সঙ্গে যোগ হচ্ছে। বিমানবন্দরের উত্তর পাশে JFK মিলেনিয়াম পার্টনার্স (JFK Millennium Partners) কর্তৃক 3.9 বিলিয়ন ডলারের সর্বাধুনিক নতুন টার্মিনাল 6 নির্মিত হতে যাচ্ছে, যা জেটব্লু (JetBlue)-এর বিদ্যমান টার্মিনাল 5-এর সঙ্গে সাবলীল সংযোগ স্থাপন করবে এবং এটি পোর্ট অথরিটির বোর্ড অব কমিশনার্স কর্তৃক 2021 সালের আগস্ট মাসে অনুমোদিত হয়েছে। ডেল্টা এয়ার লাইন্স এবং JFK আন্তর্জাতিক এয়ার টার্মিনাল-এর নেতৃত্বে 1.5 বিলিয়ন ডলারের টার্মিনাল 4 সম্প্রসারণের কাজ গত বসন্তে অনুমোদিত হয়েছে এবং বর্তমানে নির্মাণকাজ চলমান রয়েছে। সেইসাথে, 2019 সালের ডিসেম্বরে আমেরিকান এয়ারলাইন্স (American Airlines), যেটি এই টার্মিনাল পরিচালনা করে থাকে, এবং ব্রিটিশ এয়ারওয়েজ (British Airways), যা এই বছরের শেষ নাগাদ প্রকল্পের কাজ সম্পন্ন হয়ে গেলে টার্মিনাল 7 থেকে টার্মিনাল 8-এ কার্যক্রম সরিয়ে আনবে, তাদের নেতৃত্বে 425 মিলিয়ন ডলারের JFK-এর টার্মিনাল 8 সম্প্রসারণের কাজ শুরু হয়।

সম্মিলিতভাবে, বেসরকারি অর্থায়নে পরিচালিত টার্মিনাল প্রকল্পগুলো এবং পোর্ট অথরিটির সড়কপথ, পার্কিং ও অবকাঠামো প্রকল্পগুলো একসঙ্গে JFK ইন্টারন্যাশনাল-এর 18 বিলিয়ন ডলারের রূপান্তরমূলক কাজ এবং একটি অসাধারণ ধারাবাহিক সরকারি-বেসরকারি অংশীদারিত্বের প্রতিনিধিত্ব করে। পোর্ট অথরিটির 2.9 বিলিয়ন ডলারের বিনিয়োগ, সম্পূর্ণ JFK সংস্কার কর্মসূচির আওতাধীন চারটি প্রকল্পের জন্য 15 বিলিয়ন ডলারেরও বেশি সম্পূর্ণ বেসরকারি বিনিয়োগের অঙ্গীকারের কথা বিবেচনা করলে, পাঁচগুণেরও বেশি অনুপাতে বেসরকারি বিনিয়োগকে কাজে লাগাচ্ছে।

**রিপ্রেজেন্টেটিভ গ্রেগরি মিকস বলেন,** "JFK-তে নিউ টার্মিনাল ওয়ান নির্মাণ প্রদর্শন করে যে কমিউনিটির চাহিদা এবং যাত্রীদের অভিজ্ঞতাকে কেন্দ্র করে মূল পরিবহন হাব আধুনিকীকরণ একটি অঞ্চলের অর্থনৈতিক প্রবৃদ্ধির জন্য কতটা গুরুত্বপূর্ণ। এই রূপান্তরমূলক প্রকল্পে বিনিয়োগকৃত কয়েক বিলিয়ন ডলার কয়েক হাজার ভালো চাকরি এবং MWBE ও অন্যান্য সুবিধার মধ্যে স্থানীয় কন্ট্রাক্টিংয়ের সুযোগ তৈরি করবে। কমিউনিটি অ্যাডভাইজরি কাউন্সিলের সহ-সভাপতি হিসেবে, আমি JFK-এর আশেপাশের এলাকার জন্য শক্তিশালী জনবল উন্নয়ন কর্মসূচি, ব্যবসায়িক উন্নয়নের সুযোগ, শিক্ষামূলক কর্মসূচি এবং পরিবেশগত টেকসইতার প্রতিশ্রুতি বাস্তবায়ন করতে আমাদের সকল অংশীদারদের সাথে কাজ চালিয়ে যাওয়ার জন্য অধীর আগ্রহী।"

**স্টেট সিনেটর লেরয় কমরি বলেন,** "JFK বিমানবন্দর একটি গুরুত্বপূর্ণ গেটওয়ে হিসেবে কাজ করে, যা বিশ্বকে আমাদের অঞ্চলের সাথে সংযুক্ত করে। এই নির্মাণ কাজ শুরুর বিষয়টি এই ট্রাই-স্টেট এলাকার ভবিষ্যত পরিবহন চাহিদা মেটাতে পারে এমনভাবে JFK-এর উন্নয়ন ও বিনিয়োগের জন্য নিউ ইয়র্কের প্রতিশ্রুতি তুলে ধরে। আমি গভর্নর হোকলের নেতৃত্বের জন্য, পোর্ট অথরিটির পরিশ্রমী কাজের জন্য এবং যারা JFK-এর জন্য এই নতুন উৎকর্ষতার যুগ তৈরিতে অংশগ্রহণ করছেন তাদের প্রতি কৃতজ্ঞ।"

**সিনেটর জোসেফ পি. অ্যাডাবো জুনিয়র বলেন,** "জন এফ কেনেডি আন্তর্জাতিক বিমানবন্দরের নতুন টার্মিনাল ওয়ানের নির্মাণ কাজ শুরু হওয়াটা নিউ ইয়র্কের ভবিষ্যতের পথে

একটি বড় পদক্ষেপ। আমাদের অবকাঠামোতে এই গুরুত্বপূর্ণ বিনিয়োগ করার মাধ্যমে আমরা নিউ ইয়র্কবাসী ও পর্যটকদের জানাতে চাই যে আমরা আরো কর্মদক্ষ বিমানবন্দর তৈরি করে আমাদের স্টেটে এবং সেখান থেকে ভ্রমণের সময় তাদের জন্য উন্নত অভিজ্ঞতা তৈরি করতে প্রতিশ্রুতিবদ্ধ। এই প্রকল্প হাজার হাজার নতুন কর্মসংস্থান তৈরি করবে, যার মধ্যে রয়েছে ইউনিয়নের নির্মাণ কাজ, পাশাপাশি টার্মিনালটি উন্মুক্ত হলে অতিরিক্ত কাজের সুযোগও থাকবে।"

**স্টেট সিনেটর জেমস স্যান্ডার্স জুনিয়র বলেন,** "এমনকি আমরা কমিউনিটি বেনিফিট এগ্রিমেন্ট নিয়ে কাজ করার সময়েও, এখন পর্যন্ত অগ্রগতির প্রশংসা করি। JFK এর টার্মিনাল 1 সুরক্ষা, দক্ষতা ও ব্যবহারযোগ্যতা তুলে ধরবে যা ভ্রমণকে আরো ভালো, আরো আনন্দদায়ক করবে, বাসিন্দা ও পর্যটকদের জন্য ভালো অভিজ্ঞতা তৈরি করবে এবং এই গেটওয়েকে আধুনিক যুগের সম্মুখভাগে নিয়ে আসবে।"

**অ্যাসেম্বলি সদস্য স্ট্যাসি ফেফার আমাটো বলেন,** "টার্মিনাল ওয়ানের নির্মাণ কাজ শুরু হওয়ার বিষয়টি পরিবেশগতভাবে দায়বদ্ধ থাকার পাশাপাশি আমাদের স্টেটে নতুন চাকরি এবং কর্মীদের জন্য একটি শক্তিশালী অর্থনৈতিক সুযোগ প্রদানের স্পষ্ট লক্ষ্য প্রদর্শন করে। এই বিনিয়োগের মাধ্যমে, এবং আমাদের স্টেট কর্তৃক নিবেদিত প্রতিশ্রুতির মাধ্যমে, আমরা সাউথ কুইন্সে চাকরির প্রবৃদ্ধি নিয়ে আসছি এবং আমাদের বিমানবন্দর লভ্য সবচেয়ে আধুনিক ও জ্বালানি সাশ্রয়ী প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে পরিচালিত হচ্ছে তা নিশ্চিত করার মাধ্যমে JFK-কে 21 শতকে নিয়ে আসছি৷ এটি আমাদের কমিউনিটি, আমাদের স্টেট এবং নিউ ইয়র্কের জনগণের জন্য একটি প্রমাণ।"

**অ্যাসেম্বলি সদস্য অ্যালিশিয়া হিন্ডম্যান বলেন,** "এটি JFK বিমানবন্দরের জন্য একটি রোমাঞ্চকর মাইলফলক। যেহেতু JFK টার্মিনাল ওয়ান প্রকল্প নিশ্চিতভাবে বিমানবন্দরের পরিষেবা সম্প্রসারিত করবে, তাই এটি ব্যক্তি ও ব্যবসায়ের সুরক্ষার জন্য আরো বেশি কর্মসংস্থান তৈরি করবে। এই নতুন টার্মিনাল তৈরি করার সময় উন্নত মানের প্রশিক্ষণের আবশ্যিকতা ও প্রদান করা এবং এই ইতিবাচক রূপান্তরের অভিজ্ঞতা লাভের জন্য গ্রাহকদের সাথে যোগাযোগ করার জন্য কর্মীদের প্রস্তুত করা অপরিহার্য। পরিশেষে, আমি নিশ্চিত যে নতুন টার্মিনাল ওয়ান (NTO) বিমানবন্দর টার্মিনালের নতুন আদর্শ হিসেবে বিবেচিত হবে এবং যাত্রীদেরকে স্বাচ্ছন্দ্যে ধারণ করার জন্য ডিজাইন করা হবে।"

**অ্যাসেম্বলি সদস্য মাইকেল সি. সোলাগেস বলেন,** "আজ, আমরা JFK আন্তর্জাতিক বিমানবন্দরের পুনঃনির্মাণের একটি উল্লেখযোগ্য মাইলফলক উদযাপন করছি। টার্মিনাল ওয়ান প্রকল্পের কাজ শেষ হওয়ার সাথে সাথে আমরা 21 শতকের ভ্রমণ চাহিদা পূরণের দিকে এগিয়ে যাবো। আমি গভর্নর হোকল, শ্রমিক এবং এই অসামান্য কৃতিত্বের জন্য সকল স্টেকহোল্ডারের প্রশংসা করি এবং একটি বিশ্বমানের, শীর্ষ-স্থানীয় টার্মিনালের জন্য অধীর আগ্রহী, যা JFK-এর বৃহত্তম আন্তর্জাতিক টার্মিনাল হবে।"

**কুইন্স বরো প্রেসিডেন্ট ডনোভ্যান রিচার্ডস জুনিয়র বলেন,** "কুইন্স এবং লক্ষ লক্ষ ভ্রমণকারীর জন্য এটি একটি সত্যিকারের ঐতিহাসিক দিন যাদেরকে আমরা কেনেডি

বিমানবন্দরের মাধ্যমে আমাদের শহরে স্বাগত জানাই, কারণ আমরা আমাদের বরোর ইতিহাসের বৃহত্তম অবকাঠামো ও অর্থনৈতিক উন্নয়ন প্রকল্পগুলোর মধ্যে একটির নির্মাণ কাজ শুরু করেছি। কমপক্ষে 10,000 কর্মসংস্থান সৃষ্টি, যার মধ্যে অনেকগুলো স্থানীয় বাসিন্দাদের কাছে যাবে, এবং কুইন্সের ব্যবসায়ের জন্য লক্ষ লক্ষ ডলারের চুক্তির সাথে সাথে, ব্র্যান্ড-নিউ টার্মিনাল ওয়ান কুইন্সের অর্থনীতি, বিশেষ গুরুত্বপূর্ণ বিমান শিল্প এবং সামগ্রিকভাবে এই অঞ্চলের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি উন্নতি সম্পন্ন হবে। গভর্নর হোকল, পোর্ট অথরিটি এবং প্রত্যেক অংশীদারকে ধন্যবাদ যারা আজকের দিনটিকে বাস্তবে পরিণত করতে সাহায্য করেছেন।"

**নিউ ইয়র্ক সিটি কাউন্সিলের স্পিকার অ্যাড্রিয়েন অ্যাডামস বলেন,** "JFK বিমানবন্দর নিউ ইয়র্ক সিটি মেট্রোপলিটন অঞ্চলের জন্য একটি গুরুত্বপূর্ণ প্রবেশদ্বার এবং সাউথ-ইস্ট কুইন্সের জন্য একটি গুরুত্বপূর্ণ অর্থনৈতিক চালিকাশক্তি। নতুন টার্মিনাল ওয়ান কর্মসংস্থান তৈরি করবে, ছোট ব্যবসার জন্য নতুন সুযোগ প্রদান করবে এবং পর্যটক ও নিউ ইয়র্কবাসীদের জন্য যাত্রী অভিজ্ঞতা উন্নত করবে। এই প্রকল্প স্থানীয় সড়ক ও অবকাঠামোও উন্নত করবে, যা বিমানবন্দরের আশেপাশের কমিউনিটির অগ্রগতির জন্য গুরুত্বপূর্ণ। JFK বিমানবন্দরের রূপান্তর এগিয়ে যাওয়ার সাথে সাথে, আমি এই গুরুত্বপূর্ণ বিনিয়োগ থেকে সাউথ-ইস্ট কুইন্স এবং সকল নিউ ইয়র্কবাসীকে উপকৃত করার জন্য সকল স্টেকহোল্ডারের সাথে অংশীদারিত্ব অব্যাহত রাখার জন্য অধীর আগ্রহী।"

**NYC কাউন্সিলের সংখ্যাগরিষ্ঠ অংশের হুইপ সেল্‌ভেনা এন. ব্রুকস-পাওয়ার্স বলেন,** "পোর্ট অথরিটির এক্সটার্নাল অ্যাফেয়ার্স অ্যান্ড কমিউনিটি আউটরিচের সাবেক ম্যানেজার হিসেবে আমি 9.5 বিলিয়ন ডলারের টার্মিনাল ওয়ান প্রকল্পের কাজ শুরু হওয়ায় কৃতজ্ঞতা প্রকাশ করছি, যা 10,000 কর্মসংস্থানের সৃষ্টি করবে, যার মধ্যে 6,000টি হলো ইউনিয়ন পজিশন বিদ্যমান আন্তর্জাতিক পরিবহন হাব, JFK আন্তর্জাতিক বিমানবন্দর সত্যিই ইস্ট কোস্টে নির্মাণ কাজ, MWBE উদ্যোক্তা সুযোগ, এবং বিশ্বমানের পরিবহনের জন্য সহায়ক হবে। আমি সাউথ-ইস্ট কুইন্সের ক্ষুদ্র ও স্থানীয় MWBE ব্যবসায়ের অ্যাক্সেস সম্প্রসারণ করতে, আমাদের তরুণদের জন্য শিক্ষামূলক সুযোগ তৈরি করতে এবং JFK পুনর্নির্মাণ প্রকল্পের মাধ্যমে অবকাঠামোগত সুযোগ প্রদানের জন্য আমার নির্বাচিত সহকর্মীদের সাথে কাজ করার জন্য অধীর আগ্রহী।"

**কাউন্সিল সদস্য নাতাশা উইলিয়ামস বলেন,** "কাউন্সিলের সদস্য হওয়ার আগে, আমি JFK পুনঃনির্মাণের জন্য কাজ করেছি, এবং ভ্রমণ শিল্পকে পঙ্গু করে দেওয়া বৈশ্বিক মহামারী সত্ত্বেও সকল অগ্রগতি দেখতে পাওয়া রোমাঞ্চকর। এই প্রকল্প আমাদের দেশের অন্যতম প্রধান বিমানবন্দরের ভবিষ্যত রূপ দেবে। টার্মিনাল ওয়ানের নির্মাণ কাজ শুরু হওয়াটা এই গুরুত্বপূর্ণ সম্পদ পুনরুজ্জীবিতকরণের পথে একটি পদক্ষেপ। আমি যখন এতে কাজ করছিলাম তখন থেকে এই প্রকল্পের অগ্রগতি দেখে আমি শিহরিত এবং আমি এটি সম্পন্ন হওয়ার অপেক্ষায় আছি। এই নতুন অত্যাধুনিক টার্মিনাল বিমানবন্দর দেখতে আসা বাসিন্দা ও দর্শনার্থী উভয়কে উন্নত অভিজ্ঞতা প্রদান করবে। আমি গভর্নর হোকল, পোর্ট অথরিটি, নিউ টার্মিনাল ওয়ান টিম এবং যারা এই প্রকল্পে অবদান রেখেছেন তাদের প্রত্যেককে ধন্যবাদ জানাতে চাই।"

**গ্রেটার জ্যামাইকা ডেভেলপমেন্ট কর্পোরেশন (Greater Jamaica Development Corporation)-এর প্রেসিডেন্ট ও CEO জাস্টিন রজার্স বলেন,** "JFK বিমানবন্দর হলো

সাউথইস্ট কুইন্স ও জ্যামাইকার প্রাণশক্তি যা আমাদের অর্থনৈতিক প্রাণবন্ততার জন্য বেশ খানিকটা ভূমিকা রাখে। JFK-তে অব্যাহত বিনিয়োগ আসলে বৃহৎ পরিসরে আমাদের এলাকায় ও ক্ষুদ্র ব্যবসা প্রতিষ্ঠানগুলোতে বিনিয়োগ। আমাদের কমিউনিটির জন্য সুযোগ-সুবিধা তৈরি করায় গভর্নর হোকল এবং পোর্ট অথরিটিকে ধন্যবাদ।"

**কুইন্স চেম্বার অব কমার্স (Queens Chamber of Commerce)-এর প্রেসিডেন্ট ও CEO টম গ্রেচ বলেন,** "কুইন্সের প্রাচীনতম এবং বৃহত্তম ব্যবসায়িক সমিতি হিসেবে, আমরা গভর্নর হোকল এবং পোর্ট অথরিটিতে আমাদের বন্ধুদের সাথে JFK আন্তর্জাতিক বিমানবন্দরে এই ঐতিহাসিক বিনিয়োগের উপর নির্মাণকাজ শুরু করতে পেরে আনন্দিত। টার্মিনাল 1 এ বিশ্বমানের যাত্রী অভিজ্ঞতা তৈরি করার জন্য এই 9.5 বিলিয়ন ডলার বিনিয়োগ স্থানীয় MWBE এর জন্য সুযোগ প্রদান করবে এবং আমাদের অঞ্চলের অর্থনৈতিক পুনরুদ্ধার বৃদ্ধির জন্য একটি অসাধারণ ভিত্তি হবে। কুইন্স চেম্বারের সদস্যরা এই রূপান্তরমূলক প্রকল্পে যে ভূমিকা পালন করবে তা নিয়ে আমরা অত্যন্ত গর্বিত।"

**ন্যাশনাল অ্যাসোসিয়েশন অফ মাইনরিটি কন্ট্রাক্টর্স (National Association of Minority Contractors)-এর নিউ ইয়র্ক ট্রাই-স্টেট চ্যাপ্টার প্রেসিডেন্ট নায়ান পারিখ বলেন,** "আমরা গভর্নর ক্যাথি হোকলকে তার মহান নেতৃত্ব এবং MWBE কমিউনিটির প্রতি অবিচল সমর্থনের জন্য অভিনন্দন জানাতে চাই। এছাড়াও, আমরা পোর্ট অথরিটিকে 30 শতাংশ MWBE লক্ষ্য নিয়ে 10,000 এরও বেশি কর্মসংস্থান তৈরিতে তাদের দূরদর্শিতার জন্য প্রশংসা করতে চাই। NAMC এবং আমাদের প্রতিশ্রুতিবদ্ধ বোর্ড এবং সদস্যরা এই কার্যকর প্রচেষ্টাকে সর্বাত্মক সমর্থন করার জন্য রিসোর্স প্রদান এবং সক্ষমতা বৃদ্ধির জন্য প্রস্তুত।"

**নিউ ইয়র্ক উইমেন্স চেম্বার অব কমার্সের প্রেসিডেন্ট কুইনিয়া অ্যাক্রু বলেন,** "JFK রূপান্তরের পথে এই গুরুত্বপূর্ণ পদক্ষেপের জন্য আমরা গভর্নর হোকল এবং পোর্ট অথরিটিতে আমাদের বন্ধুদের অভিনন্দন জানাই। JFK-তে এই ঐতিহাসিক বিনিয়োগ MWBE কমিউনিটি এবং আমাদের সমগ্র অঞ্চলের জন্য নতুন অর্থনৈতিক সুযোগ তৈরি করতে সাহায্য করবে এবং আমরা এই গুরুত্বপূর্ণ প্রকল্পে আমাদের অংশীদারদের সাথে কাজ চালিয়ে যাওয়ার জন্য আগ্রহী।"

**রকএওয়ে ডেভেলপমেন্ট এন্ড রিভাইটালাইজেশন কর্পোরেশন (Rockaway Development & Revitalization Corporation)-এর প্রেসিডেন্ট ও CEO কেভিন ডব্লিউ. অ্যালেক্সান্ডার বলেন,** "গভর্নর হোকলের 9.5 বিলিয়ন ডলারের JFK টার্মিনাল প্রকল্পের ঘোষণার পাশাপাশি কুইন্সের জন্য আজ আরেকটি ঐতিহাসিক দিন। টার্মিনাল ওয়ান টিম টার্মিনাল 1, 2 ও 3-কে একত্রিত করে রূপান্তর করার ব্যাপারে এটির ভিশনারি পরিকল্পনার জন্যই শুধু নয়, বরং ভবিষ্যত প্রজন্মগুলোর জন্য সাউথইস্টার্ন কুইন্স-এর উদ্যোক্তা ও সংখ্যালঘু-মালিকানাধীন ব্যবসা প্রতিষ্ঠানগুলোর জন্য কর্মসংস্থান, ক্যারিয়ার ও সুযোগ-সুবিধা তৈরি করার ব্যাপারে তাদের অব্যাহত অঙ্গীকারাবদ্ধতার জন্যেও অসাধারণ কৃতজ্ঞতা পাওয়ার দাবি রাখে। JFK কমিউনিটি অ্যাডভাইজরি কাউন্সিল-এর ওয়ার্কফোর্স এন্ড ক্যারিয়ার ডেভেলপমেন্ট কমিটি (Workforce & Career Development Committee)-এর সহ-সভাপতি হিসেবে, আমাদের স্থানীয় বাসিন্দাদের এসব কর্মসংস্থানের সুযোগ ও ক্যারিয়ার গঠনের পথ কাজে লাগানোর জন্য প্রস্তুত করে তুলতে

আমরা গভর্নর হোকল, NY ও NJ-এর পোর্ট অথরিটি এবং টার্মিনাল ওয়ান-এর সঙ্গে কাজ করে যাওয়ার প্রত্যাশা রাখি।"

**আঞ্চলিক পরিকল্পনা অ্যাসোসিয়েশন (Regional Plan Association)-এর প্রেসিডেন্ট ও CEO টম রাইট বলেন,** "JFK বিমানবন্দরে এই বৃহৎ বিনিয়োগ সম্পন্ন হতে দেখে RPA আনন্দিত, যা অর্থনৈতিক উন্নয়ন এবং এই অঞ্চলের প্রতিযোগিতামূলক উপযুক্ততা বৃদ্ধি করবে এবং লা গার্ডিয়া-এর সংস্কার এবং নিউআর্ক লিবার্টি বিমানবন্দরে বৃহৎ বিনিয়োগের পরিপূরক হিসেবে কাজ করবে। RPA-এর চতুর্থ আঞ্চলিক পরিকল্পনায় আমরা যে সিদ্ধান্তে পৌঁছে ছিলাম, সেই অনুযায়ী আমাদের বিমানবন্দরগুলো আমদের অঞ্চলের গেটওয়ে এবং আমাদের অব্যাহত সফলতা ও সমৃদ্ধির জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। এসব বিনিয়োগের মধ্য দিয়ে, পোর্ট অথরিটি সরকারি-বেসরকারি অংশীদারিত্বের ক্ষেত্রে নেতৃস্থানীয় অবস্থান ধরে রেখেছে, যেটি আরো বেশি নিশ্চয়তার সঙ্গে বড় ধরনের পরিবর্তন নিয়ে আসতে পারে এবং অন্যান্য আঞ্চলিক সংস্থাগুলোর জন্য একটি মডেল হিসেবে কাজ করবে। আমাদের সিস্টেমগুলোকে পুনরুদ্ধার করে বিশ্বমানের মানদণ্ডে নিয়ে যাওয়া অব্যাহত রাখতে আমরা আমাদের অঞ্চলের নেতৃবৃন্দ ও পোর্ট অথরিটির সঙ্গে অব্যাহতভাবে কাজ করে যাওয়ার প্রত্যাশা রাখি।"

**নিউ ইয়র্ক বিল্ডিং কংগ্রেস (New York Building Congress)-এর প্রেসিডেন্ট ও CEO ক্যারল এ. সিসুরা বলেন,** "নিউ ইয়র্ক বিল্ডিং কংগ্রেস JFK-এর নতুন টার্মিনাল ওয়ানের নির্মাণকাজ শুরু হওয়া প্রত্যক্ষ করে রোমাঞ্চিত এবং গর্বিত যে আমাদের সদস্যরা এটির নকশা ও নির্মাণের কাজ করছে। এই দিনটিকে বাস্তবে পরিণত করার জন্য রিক কটন সহ পোর্ট অথরিটির সবার জন্য রয়েছে অভিনন্দন। আমাদের বিমানবন্দরগুলো এই সিটির সঙ্গে বিশ্বের বাকি অংশের গেটওয়ে, এবং নিউ ইয়র্ককে একটি বৈশ্বিক পর্যটন পাওয়ার হাউসের অবস্থানে ধরে রাখার জন্য একটি অপরিহার্য ভূমিকা পালন করে। গভর্নর হোকল এবং তার প্রশাসন আমাদের অবকাঠামোতে বিনিয়োগ করা এবং আমাদের কর্মীদের জন্য হাজার হাজার কর্মসংস্থান তৈরি করার ব্যাপারে তাদের অঙ্গীকারাবদ্ধতার প্রমাণ দেখিয়ে যাচ্ছেন।"

**ফেরোভিয়াল-এর চেয়ারম্যান রাফায়েল ডেল পিনো বলেন,** "আমরা নতুন টার্মিনাল ওয়ান কনসোর্টিয়ামের অংশ হতে পেরে গর্বিত এবং এই আইকনিক প্রকল্পকে সফল করে তুলতে নিউ ইয়র্ক ও নিউ জার্সির পোর্ট অথরিটির সঙ্গে কাজ করার জন্য অনুপ্রাণিত হয়ে আছি।"

**JLC ইনফ্রাস্ট্রাকচার-এর প্রতিষ্ঠাতা এবং ম্যানেজিং পার্টনার জিম রেনল্ডস বলেন,** "যদিও আমরা বেশ লম্বা সময় ধরে এই উন্নয়ন প্রকল্প নিয়ে কাজ করে আসছি, আজকের দিনটি আমরা যা করতে চেয়েছিলাম সেই কাজের সূচনা নির্দেশ করছে। একটি বিশ্বমানের টার্মিনাল প্রদান করা, বহু কর্মসংস্থান ও সুযোগ-সুবিধা তৈরি করা এবং একটি ভালো ব্যবসা পরিচালনা করাই আগামী 34 বছরজুড়ে আমাদের লক্ষ্য হয়ে থাকবে।"

**উলিকো ইনক. (Ullico Inc.)-এর প্রেসিডেন্ট ও CEO এড স্মিথ বলেন,** "এটি শুধু আমেরিকার সর্ববৃহৎ P3 অবকাঠামো প্রকল্পই নয়। এটি শ্রমজীবী মানুষ, তাদের ইউনিয়ন এবং ব্যবসা প্রতিষ্ঠানগুলোর সঙ্গে আমাদের দেশকে গড়ে তোলার কমন মিশন নিয়ে একতাবদ্ধ হয়ে কাজ করলে কী অর্জন করা সম্ভব তার একটি উজ্জ্বল দৃষ্টান্ত।"

**স্থানীয় কমিউনিটির সাথে অত্যন্ত নিকটভাবে জড়িয়ে JFK বিমানবন্দরের পুনঃউন্নয়ন করা**

2018 সালে, JFK পুনঃউন্নয়ন কমিউনিটি অ্যাডভাইজরি কাউন্সিল গঠিত হয়। যুক্তরাষ্ট্রের রিপ্রেজেন্টেটিভ গ্রেগরি মিক্স এবং কুইন্স বরোর প্রেসিডেন্ট ডনোভান রিচার্ডস এতে সহ-সভাপতি হিসেবে রয়েছেন, এবং এটি সাউথইস্ট কুইন্স, সাউথওয়েস্ট কুইন্স, রকএওয়ে, এবং নাসাউ কাউন্টির পশ্চিম অংশের টার্গেটকৃত স্থানীয় কমিউনিটিগুলোর নির্বাচিত কর্মকর্তা, কমিউনিটি বোর্ড, ব্যবসা প্রতিষ্ঠান ও অলাভজনক সংস্থা, নাগরিক সংগঠন, এবং ক্লার্গি লিডারদের নিয়ে গঠন করা হয়েছে।

শুরুর সময় থেকেই, কাউন্সিলটি কমিউনিটি পর্যায়ে প্রচার প্রচেষ্টা সম্প্রসারণ করতে এবং কমিউনিটি-কেন্দ্রিক কর্মসূচি উন্নয়ন করতে পোর্ট অথরিটির সঙ্গে কাজ করে আসছে, যা এই উচ্চাকাঙ্ক্ষী প্রকল্প যাতে স্থানীয় স্টেকহোল্ডারদের কাছ থেকে মতামত গ্রহণ করে এবং স্থানীয় ব্যবসা প্রতিষ্ঠান, MWBE, শিক্ষার্থী, ও চাকরি প্রত্যাশীদের জন্য অর্থপূর্ণ সুযোগ প্রদান করে সে বিষয়টি নিশ্চিত করে।

এর মধ্যে সব ধরনের কাজের ক্ষেত্রে পোর্ট অথোরিটির 30 শতাংশ কন্ট্রাক্ট MWBE-সমূহকে প্রদানের লক্ষ্য পূরণের অঙ্গীকারকে এগিয়ে নেয়ার কর্মসূচি, এবং এই টার্মিনাল প্রকল্প, যা একটি সম্পূর্ণ প্রকল্প-শ্রমিক চুক্তির অধীনে ইউনিয়নের শ্রমিকদের দ্বারা নির্মিত হবে, সেটি সহ, JFK পুনঃউন্নয়ন কর্মসূচির সকল পর্যায়ে স্থানীয় ব্যবসা প্রতিষ্ঠানগুলোর জন্য সুযোগ তৈরি করার দিকে বিশেষভাবে নজর দেয়া অন্তর্ভুক্ত রয়েছে। কমিউনিটির বিকাশের অন্যান্য উদ্যোগকে কাউন্সিল কর্মসংস্থান, স্থানীয়দের জন্য ওয়ার্কফোর্স ডেভেলপমেন্ট প্রোগ্রাম, ছোট ব্যবসা-বাণিজ্যের দিকে উন্নতি এবং সহায়তার হাত বাড়িয়ে এবং স্থানীয় শিক্ষার্থীদের জন্য শিক্ষাগত প্রোগ্রামের মাধ্যমে গুরুত্ব দিয়ে থাকে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418